

## Official Spokesperson's response to media queries regarding Chinese MFA Spokesperson's comments on the Galwan valley incident

September 24, 2021

গালওয়ান উপত্যকার ঘটনাতে চিনের বিদেশ মন্ত্রকের মুখপাত্রের বিবৃতির পরিপ্রেক্ষিতে সংবাদ মাধ্যমের প্রশ্নের জবাবে সরকারি মুখপাত্রের প্রতিক্রিয়া

সেপ্টেম্বর 24, 2021

" গালওয়ান উপত্যকার ঘটনা ঘটনার কারণ হল ভারত সকল রকমের চুক্তি এবং সমঝোতা লঙ্ঘন করেছে এবং সীমা লঙ্ঘন করে বেআইনি ভাবে চিনের ভূখন্ডে অনুপ্রবেশ করেছে', চিনের বিদেশ মন্ত্রকের মুখপাত্রের এই বিবৃতির বিষয়ে সংবাদ মাধ্যমের প্রশ্নের জবাবে বিদেশ মন্ত্রকের সরকারি মুখপাত্র বলেন,

আমরা এই ধরনের বক্তব্যকে প্রত্যাখ্যান করছি। পূর্ব লাদাখের প্রকৃত নিয়ন্ত্রণ রেখা বরাবর গত বছরের ঘটনার বিষয়ে আমাদের অবস্থান পরিষ্কার এবং সামঞ্জস্য পূর্ণ। আমাদের সকল রকমের দ্বিপাক্ষিক চুক্তি লঙ্ঘন করে স্থিতাবস্থা পরিবর্তনের জন্য চিনের তরফে উস্কানিমূলক প্ররোচনা এবং একতরফা প্রচেষ্টা ছিল যার ফলে শান্তি ও সুস্থিতির মারাত্মক রকমের ব্যাঘাত ঘটেছে। এটি দ্বিপাক্ষিক সম্পর্কের উপরেও প্রভাব ফেলেছে। এই মাসের প্রথম দিকে চিনের বিদেশ মন্ত্রীর সাথে আমাদের বিদেশ মন্ত্রীর বৈঠকে তিনি জোর দিয়েছিলেন যে, এটি আমাদের প্রত্যাশা যে, দ্বিপাক্ষিক চুক্তি ও প্রটোকলগুলি সম্পূর্ণ মেনে চলে, চিনা পক্ষ প্রকৃত নিয়ন্ত্রণ রেখা বরাবর বাকি সমস্যাগুলি দ্রুত সমাধানের লক্ষ্যে কাজ করবে।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 24, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.